টেলিফোন : ৩৪-১৫৫২

রিপ্রোডাকশন সিন্ডিকেট

ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন

৭-১, কর্ণওয়ালিস স্ট্রীট, কলিকাতা-৬

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত
( দাদাঠাকুর )

আধুনিক
ডিজাইনের
= বিয়ের =
কার্ড
পণ্ডিত-প্রেসে পাবেন।

৫৬শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুশিদাবাদ—৭ই মাঘ বুধবার, ১৩৭৬ ইং 21st Jan. 1970 | ৩৩শ সংখ্যা



সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাস্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা ১২

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও পড়বে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

• ধুলো, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।



খাস জনতা
কেরোসিন কুকার

দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

দীর্ঘকালীন দুরারোগ্য ও জটিল ব্যাধিগ্রস্তেরা হতাশ হইবেন না। বিশেষ যত্নের সহিত চিকিৎসা করা হয়। সাক্ষাৎ করুন।

ডাঃ তপোময় চৌধুরী, এম-এ
রেজিষ্টার্ড হোমিওপ্যাথ
নীলরতন কলোনী, রঘুনাথগঞ্জ।

স্টুডেন্টস ফেভারিট

স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44.

মা-বাপে এ পেট ভরাতে পারে নি; রাজা-মহারাজার বাড়ীতে এ পেট ভরে নি,—আর আজ নির্মলচন্দ্রের বাড়ীতে পেট ভ'রে যাবে?

—দাদাঠাকুর

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৭ই মাঘ বুধবার সন ১৩৭৬ সাল।

# ॥ বন্ধচক্ষু মেষ—নেকড়ের লোলজিহ্বা ॥

দেশের অর্থব্যবস্থা ধনিকগোষ্ঠীর হাতের জিনিস হইলে বেকার সমস্যা দেখা দিতে পারে। কাজ চাহিয়াও যখন কাজ মিলে না, তখন সারা দেশে কর্মপ্রার্থীর সংখ্যা বর্দ্ধিত হয়। পশ্চিমবঙ্গ এই সমস্যায় বহুদিন হইতে জর্জরিত। তবে ইহা দিনের দিন যতটা তীব্র হইয়া উঠিয়াছে, অন্য রাজ্যে ততটা নয়। কিন্তু ইহার সমাধানে কেন্দ্রীয় কর্তৃপক্ষের যতখানি তৎপর থাকা উচিত তাহা চোখে পড়ে না। মাঝে মাঝে যুবচিত্তে আলোড়ন তুলিবার জন্য নানা কথা শোনান হয়। জানি না, তখন যুবসমাজের কাছে কিছু কাজ পাইবার তাগিদ থাকে কি না। কাজ ফুরাইয়া গেলে দিল্লীর মসনদ ও রাজ্যের তখ্‌ত্‌-তাউস বহাল তবিয়তে থাকিয়া যায়। আর যুবকগণ বেকারত্বের গ্লানিতে অভিশপ্ত দিনগুলি লইয়া জুতার চামড়া ক্ষয় করেন।

শিক্ষিত বেকারের হার এখানে যে ভাবে বাড়িয়া চলিতেছে, তাহাতে অচিরকালের মধ্যে শিক্ষার উপর কাহারও যে আগ্রহ থাকিবে তাহা মনে হয় না। বৃটিশ-ভারতে আমাদিগকে গোলামি করিতে হইত, তখনকার বেকারত্বের স্বতন্ত্র রূপ ছিল। সে সময় কেরাণীর বৃত্তি ছিল সকলের মূল লক্ষ্য। আজ স্বাধীনতার বাইশ বৎসর চলিয়া গেলেও দেশে বেকারত্বের সমাধান হইল না। শিক্ষিত বেকারের সংখ্যা গ্রাফের আকারে বাড়িয়া যাইতেছে। জনসংখ্যার বৃদ্ধি এই সমস্যার একটি বিশেষ বাধা সন্দেহ নাই। কিন্তু এখন ইহার দোহাই দিয়া নিশ্চিন্ত হইবার সময় নয়। বছরের পর বছর এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে নাম যত রেজেষ্ট্রীকৃত হইতেছে, তাহাতে আশঙ্কা করিবার যথেষ্ট হেতু আছে।

অলস মস্তিষ্ক নানা কাণ্ড করিতে চাহে। মানুষ যদি কাজে লিপ্ত না থাকে, দিনের দিন নানা নৈরাশ্যের মধ্যে যদি তাহাকে চলিতে হয়, তবে এমন একটা পথের সন্ধান সে পাই, যাহার মধ্যে চলিতে তাহাকে হয়ই। এই পথকে হয়ত সমর্থন করা যায় না। কিন্তু মনস্তত্ত্বের দিক দিয়া ইহা অনিবার্য। রাস্তায় রাস্তায় বিভিন্ন রাজনৈতিক দলের সমর্থনে মিছিল, বিরাট জনসভা প্রভৃতি যাঁহাদের অবদানে পুষ্ট, তাহার একটি বৃহৎ অংশ বেকারদের দ্বারা গঠিত। বাড়ীতে বেকারত্বের অশান্তি ভোগ করার চেয়ে বাড়ীর বাহিরে এই সব কাজ পাইয়া বিরাট শূন্যতাকে যদি ভরিয়া তোলা যায়, ক্ষতি কি!

বর্তমানে বিশ্ববিদ্যালয়ের তকমার্জন করার একটা ঝোঁক আসিয়া পড়িয়াছে। শিক্ষার্থীরা বুঝিতে পারিতেছেন যে, যে শিক্ষা পেটের ভাত আনিয়া দিতে অক্ষম, তাহাতে প্রয়োজন কি? বেকারজীবনের যে ব্যথায় তাঁহারা ভুগিতেছেন, তাহা নিশ্চিন্ত জীবনযাপনকারীরা কি প্রকারে বুঝিবে? যুবকদের কাজের প্রয়োজন, সার্টিফিকেটের নয়। সার্টিফিকেট দুই মুঠা জুটাইতে অক্ষম; তাই ইহা রাস্তার ছেঁড়া কাগজের সামিল, শিক্ষিতের চক্ষুশূল, অভিভাবকের দীর্ঘশ্বাস। পশ্চিমবঙ্গের হাজার হাজার শিক্ষিত যুবক আজ সোচ্চার—'কাজ দাও'। সরকারী পর্যায়ে এই বেকারসমস্যার রাহুমুক্তি ঘটাইবার সুনির্দিষ্ট পরিকল্পনার নিতান্ত অভাব। দেশে কি এমন অর্থনীতিবিদ নাই যাঁহার দ্বারা এই সম্পর্কে কিছু করা যায়? না, বাঙ্গালীত্ব বেকার-বৃদ্ধির একটা নূতন সংযোজন?

চরম দুর্দশার দিন সামনে আসিতেছে। লক্ষ দিতে দিতে নিষ্কর্মার দল বাড়িতেছে। এই অবস্থা একদিন দেশের মধ্যে চরম অস্থিরতা আনিতে বাধ্য। পরিকল্পনার অভাব, ধনীর মুখব্যাদান, মুখে সমাজতন্ত্রের বুলি—সব কিছু একটা তালগোল পাকাইয়া ফেলিয়াছে। জীবনের রূঢ় বাস্তবে সব প্রকট হইয়া উঠিতেছে। একটা কথা, দলবিশেষে কাজ বলিয়া সব অশান্তিকে ব্যাখ্যা করার মত বুদ্ধি আমাদের পরিহার করা উচিত। সুস্থ মস্তিষ্কে ভাবিবার সময় এখনও আসে নাই মনে করিলে বুঝিব একধারে ভেড়া চোখ বুঁজিয়া আছে, অন্যধারে নেকড়ের লোলজিহ্বা প্রস্তুত।

## আর-এস-পির ডাকে বিরাট জনসভা

গত ৪ঠা জানুয়ারী রবিবার, অরঙ্গাবাদ বোড়বোনা হাটে জঙ্গিপুর মহকুমা বিড়ি মজদুর ইউনিয়ন, প্যাকার্স ইউনিয়ন ও বিড়ি এমপ্লয়েজ ইউনিয়নের উদ্যোগে বিড়ি কারিগরদের এক বিরাট জনসভা অনুষ্ঠিত হয়। এই সভায় আশপাশ অঞ্চল থেকে মিছিল সহকারে প্রায় দশ হাজার বিড়ি কারিগর উপস্থিত হন। সভায় প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন পরিষদীয় মন্ত্রী যতীন চক্রবর্ত্তী, লোকসভা সদস্য ত্রিদিব চৌধুরী, আর, এস, পি জেলা সম্পাদক দেবব্রত ব্যানার্জী। সভায় সভাপতিত্ব করেন ডাঃ সুধাংশু সরকার। কম্‌ যতীন চক্রবর্ত্তী তাঁর বক্তৃতায় শ্রমিকদের ন্যায্য দাবীদাওয়া ও অধিকার সমর্থন করেন এবং মালিক পক্ষ শ্রমিক পক্ষের ন্যায্য অধিকার খর্ব করার যে ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে তার বিরুদ্ধে সতর্ক করেছেন।

## চোরাই চালানে ধৃত

গত ১৫ই জানুয়ারী বৃহস্পতিবার রাত্রি আন্দাজ দশটায় বীরভূমের জেলা-শাসক ও রামপুরহাটের মহকুমা-শাসক মহাশয়দ্বয় অতর্কিত পরিদর্শনের সময় চোরাই চালানীদের স্বর্গরাজ্য মুরারই থানার মিত্রপুর চেকপোষ্টে ৬টি ঘোড়ায় করে ২৬ বস্তা চাল পাচারের সময় একজন চোরাই চালানকারীকে ধরে ফেলেন। বাকী সব পালিয়ে যায়। শাসকদ্বয় সেখানে চোরাই চালানদারদের দেখতে পেলেন, ধরলেন। কিন্তু সেখানে পোষ্টে যারা পাহারা দিচ্ছেন তারা করছেন কি? পুলিশী নিষ্ক্রিয়তায় বা অন্য কোন কারণে এই মুরারই সীমান্ত দীর্ঘদিন হইতে চোরাই চালান-কারীদের স্বর্গরাজ্য।

## অনশন ভঙ্গ

জঙ্গিপুর মহকুমা মজদুর বিড়ি ইউনিয়নের সাধারণ সম্পাদক প্রাক্তন এম, এল, এ সর্বশ্রী শীশ মহম্মদ, নিজামুদ্দিন ও মহম্মদ মহসীন গত ১৪ই জানুয়ারী থেকে ২০শে জানুয়ারী সাতদিন অনশন চালাবার পর লেবুর রস পান করে অনশন ভঙ্গ করেন। অনশন ভঙ্গের সময় জেলা-শাসক শ্রীঅশোককুমার চট্টোপাধ্যায়, জঙ্গিপুর মহকুমা শাসক শ্রীঅসিতরঞ্জন দাশগুপ্ত, জেলা আর-এস-পি নেতা শ্রীদেবব্রত ব্যানার্জী ও বহুসংখ্যক বিড়িশ্রমিক ও জনসাধারণ উপস্থিত ছিলেন। বিড়ি শ্রমিকদের কয়েকটি অত্যন্ত গুরুত্বপূর্ণ দাবী আদায়ের জন্য এই তিন জন নেতা আমরণ অনশন শুরু করেন।

## প্রাথমিক শিক্ষকদের বিক্ষোভ

মুর্শিদাবাদ জেলা স্কুলবোর্ড কর্মচারীদের হঠকারী কলম ধর্মঘটের বিরুদ্ধে মহকুমা ভিত্তিক গত ১৬/১/৭০ কান্দী, জঙ্গীপুর ও লালবাগ মহকুমার কান্দী, জঙ্গীপুর ও মুর্শিদাবাদ শহরে ব্যাপক হারে প্রাথমিক শিক্ষকদের সভা সমাবেশ ও বিক্ষোভ মিছিলসহ শহর পরিক্রমা হয়। কান্দী শহরে অরুণ ভট্টাচার্য্য, মুর্শিদাবাদ শহরে মানব সাহা ও জঙ্গীপুর শহরে বিমল ভট্টাচার্য্য জেলা প্রতিনিধি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন।

## জঙ্গিপুর মহাবিদ্যালয়ের বাৎসরিক দৌড় ঝাঁপ প্রতিযোগিতা

গত ১৬ জানুয়ারী শুক্রবার জঙ্গিপুর মহাবিদ্যালয় ময়দানে মনোরম পরিবেশে মহাবিদ্যালয়ের বাৎসরিক দৌড় ঝাঁপ প্রতিযোগিতা সম্পন্ন হইয়াছে। জঙ্গিপুরের সুযোগ্য মহকুমা-শাসক শ্রীঅসিতরঞ্জন দাশগুপ্ত মহাশয় উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। তৃতীয় বার্ষিক বিজ্ঞান বিভাগের ছাত্র শ্রীসুবোধকুমার দাস ও প্রথম বার্ষিক কলা বিভাগের ছাত্রী শ্রীঅর্চ্চনা ব্যানার্জী অনেকগুলি প্রতিযোগিতায় জয়ী হইয়া 'চ্যাম্পিয়ন' হইয়াছে। বহু ছাত্রছাত্রী বিভিন্ন খেলায় জয়ী হইয়া পারিতোষিক পাইয়াছে। 'চ্যাম্পিয়ন' দ্বয় প্রত্যেকে অনেকগুলি পারিতোষিক পাইয়াছে। প্রতিযোগিতা দেখিবার জন্য ময়দানে বহু জনসমাগম হইয়াছিল।

## বাড়ালা রামদাস সেন উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির পুনর্গঠন।

এতাদ্দ্বরা সর্ব্বসাধারণের জ্ঞাতার্থে জানানো যাইতেছে যে আগামী ১৫/৩/৭০ তারিখ রবিবার অত্র বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির পুনর্গঠনের জন্য নির্ব্বাচন অনুষ্ঠিত হইবে। আগামী ১২/২/৭০ তারিখে বেলা ২ ঘটিকার সময় ভোটদাতাগণের খসড়া তালিকা বিদ্যালয়ের নোটিশ-বোর্ডে টাঙ্গাইয়া দেওয়া হইবে। নির্ব্বাচন সংক্রান্ত বিস্তারিত সংবাদ প্রধান শিক্ষক মহাশয়ের নিকট হইতে বিদ্যালয় চলাকালীন পাওয়া যাইবে।

মোঃ সোহরাব
প্রধান শিক্ষক
বাড়ালা রামদাস সেন উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়।

## জনতা স্তোত্র

—শাণ্ডিল্য

( 'ময়ূরাক্ষী' হইতে উদ্ধৃত )

—হে জনতা, তোমাকে প্রণাম করি। তুমি অমিত বলধারক, ভীতি উৎপাদক শব্দ ঘোষক, ডাণ্ডা ঝাণ্ডা সমন্বিত। অতএব তুমি প্রণম্য।

তুমি হর্ত্তা, বাস ট্রাক যাত্রী ও চালকের, তুমি কর্ত্তা, আইন এবং কানুনের, তুমি বিধাতা, নিজস্ব উদ্দেশ্য সিদ্ধির। অতএব তোমায় প্রণাম করি।

তুমি দাবী আদায়ের কলরব কারী পার্টি মিটিং এ বল্লম ধারী, বিচার ভবনে ঘেরাওকারী অতএব তোমায় নমস্কার।

তুমি ইন্দ্র, বোমা তোমার বজ্র। তুমি চন্দ্র, সংবাদ পত্রে প্রকাশিত তথ্যই তোমার কলঙ্ক। তুমি বায়ু, বাস ট্রেন ট্রাক্ সবেই তোমার অবাধগতি। তুমি বরুণ, সোডার বোতল নিক্ষেপই তার পরিচয়। সুতরাং তোমায় প্রণাম করি।

তোমার ইচ্ছাতেই আমাদের দোকান বাজার বন্ধ থাকে। তোমার ইচ্ছাতেই ট্রাম বাস ট্রেন চলাচল স্তব্ধ হয়। তোমার আদেশ পালন নিমিত্তই আমরা তোমায় চাঁদা দিয়ে থাকি। অতএব তোমায় প্রণাম করি।

তোমার রোষাগ্নিতে ট্রাম বাস ট্রাক পুড়ে ছাই হয়। তোমার প্রলয় নৃত্যে বিদ্যাভবনের আসবাব ভেঙ্গে চুরমার হয়।

তুমিই বেদ, তুমিই স্মৃতি, তুমিই দর্শন, ন্যায় বা মীমাংসা সবই তোমার হাতে অতএব হে জনতা তোমায় প্রণাম।

তুমি আছ তাই তুমি সৎ, তোমার শত্রুরা তোমার ভয়ে সর্বদাই চিৎ, আর সেই সাফল্যেই তোমার আনন্দ। অতএব হে সৎ চিৎ আনন্দ তোমায় প্রণাম করি।

—স্থাপকায় চ ধর্ম্মস্য
সর্ব্ব-ধর্ম্ম স্বরূপিনে
অবতার বরিষ্ঠায়
জনতায়ৈ তে নমঃ॥

---

## জেলা প্রদর্শনী ঃ ১৯৭০

### স্থান—পুরাতন বোরষ্টাল জেল বহরমপুর, মুর্শিদাবাদ

(কান্দি বাস ষ্ট্যাণ্ড)

**উদ্বোধন ঃ** ২৬শে জানুয়ারী, ১৯৭০

**দশদিনের** এই প্রদর্শনীর উদ্বোধন করিবেন জেলা সমাহর্তা **শ্রীঅশোককুমার চট্টোপাধ্যায়** আই, এ, এস।

**প্রবেশ মূল্য ঃ ১৫ ( পনের ) পয়সা।**

প্রতিদিন **বেলা ২টা** হইতে **রাত্রি ৯টা** পর্য্যন্ত প্রদর্শনী খোলা থাকিবে।

**বিশেষ আকর্ষণ ঃ**

প্রতিদিন সন্ধ্যায় প্রদর্শনী মঞ্চে **কীর্ত্তন, যাত্রা, থিয়েটার, কবিগান** ইত্যাদি।

**অংশ গ্রহণে ঃ** পশ্চিমবঙ্গ সরকারের লোক-রঞ্জন শাখা, কলিকাতার ভারতী অপেরা, কীর্ত্তনীয়া শ্রীরথীন ঘোষ ও সম্প্রদায় এবং স্থানীয় নাট্যগোষ্ঠী।

**টিকিটের হার ঃ** প্রতিদিন ৫০ ( **পঞ্চাশ** ) **পয়সা।**

কেবলমাত্র ভারতী অপেরার **শহীদ সূর্য্যসেন** এবং **পাপের ফসল** যাত্রা অনুষ্ঠানের জন্য **২রা** এবং **৩রা** ফেব্রুয়ারী **২৲ ও ১৲** মাত্র।

মহিলাদের পৃথক আসনের ব্যবস্থা আছে।

অনুষ্ঠান শেষে প্রতিদিন বিভিন্ন রুটে বাস চলাচলের বিশেষ ব্যবস্থা আছে।

জেলা তথ্য অফিস, বহরমপুর

## খোকার জন্মের পর..

আমার শরীর একেবারে ভেঙ্গে প'ড়ল। একদিন ঘুম থেকে উঠে দেখলাম সারা বালিশ ভর্তি চুল। তাড়াতাড়ি ডাক্তার বাবুকে ডাকলাম। ডাক্তার বাবু আশ্বাস দিয়ে বল্লেন—"শারীরিক দুর্বলতার জন্য চুল ওঠে।" কিছুদিনের যত্নে যখন সেরে উঠলাম, দেখলাম চুল ওঠা বন্ধ হয়েছে। দিদিমা বল্লেন—"ঘাবড়াসনা, চুলের যত্ন নে,



দু'দিনেই দেখবি সুন্দর চুল গজিয়েছে।" রোজ দু'বার ক'রে চুল আঁচড়ানো আর নিয়মিত স্নানের আগে জবাকুসুম তেল মালিশ সুরু ক'রলাম। দু'দিনেই আমার চুলের সৌন্দর্য ফিরে এল'।

## জবাকুসুম

কেশ তৈল



সি. কে. সেন এণ্ড কোং প্রাঃ লিঃ
জবাকুসুম হাউস ॰ কলিকাতা-১২

KALPANA.J.K-84.B

---

শীতে ব্যবহারোপযোগী

**মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ**

### ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন,** কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

**প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় - ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি**

**সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
| --- | --- |
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন: ৫৫-৪৩৬৬ |

---

## আর পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য **আর. পি. ওয়াচ কোং** র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের**

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ **শ্রীরোহিনীকুমার রায়,** বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য সডাক ৪'০০ চারি টাকা, শহরে ৩'০০ তিন টাকা, প্রতি সংখ্যা দশ পয়সা।

বিজ্ঞাপনের হার:—প্রতিবার প্রতি লাইন ৭৫ পয়সা। প্রতিবার প্রতি সেন্টিমিটার ১'২৫ এক টাকা পঁচিশ পয়সা, পূর্ণ পৃষ্ঠা ৬০'০০ ষাট টাকা, অর্দ্ধ পৃষ্ঠা ৩২'০০ বত্রিশ টাকা, সিকি পৃষ্ঠা ১৮'০০ আঠার টাকা। তিন টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন।

ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।